কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ৪৭ কলকাতা বুধবার, ২২ জুন ২০২২/১ ৭ আষাঢ় ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## ভারতীয় সেনায় শীঘ্রই ৪৬০০০ অগ্নিবীর নেওয়া হবে

## প্রতিবাদে উত্তাল দেশ

অগ্নিপথ প্রকল্প ঘোষণা মাত্রই দেশজুড়ে প্রবল বিক্ষোভ শুরু হয়। সেনাবাহিনীর চাকরিতে আগ্রহীরা পেনশনবিহীন এই স্বল্প মেয়াদী চাকরির প্রস্তাবের প্রতিবাদে উত্তাল হয়ে ওঠেন। রাজ্যে রাজ্যে ডজন ডজন ট্রেনে আগুন জ্বালানো হয়, ভাঙা হয় ট্রেনের কাচ, রেল অবরোধ হয় নানা জায়গায়। বিহার, হরিয়ানা, তেলঙ্গানা-সহ একাধিক রাজ্যে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। বেগতিক দেখে প্রকল্পে নানা সংশোধনী ঘোষিত হতে থাকে।

এই প্রকল্প নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন প্রাক্তন সেনানীদের একাংশও।

ভারতীয় সেনাবাহিনীতে ৪৬,০০০ তরুণকে নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। 'অগ্নিপথ' প্রকল্পের অধীনে ৪ বছরের জন্য তাঁদের নিযুক্ত করা হবে। অগ্নিপথ প্রকল্পে যাঁরা নিয়োগ পাবেন তাঁদের বলা হবে 'অগ্নিবীর'। যদিও কেন্দ্রীয় সরকার এই প্রকল্পটি ঘোষণা করার সঙ্গে সঙ্গেই দেশ জুড়ে প্রবল বিক্ষোভ শুরু হয়েছে। বিহার, হরিয়ানা, তেলঙ্গানা-সহ দেশের একাধিক রাজ্যে পরিস্থিতি অগ্নিগর্ভ। বিক্ষোভকারীদের রোষের মুখে পড়ে প্রকল্পের নিয়মাবলিতে প্রায় দিনই কিছু না কিছু বদল আনছে কেন্দ্রীয় সরকার। প্রাথমিক ভাবে কেন্দ্রের তরফে এই প্রকল্প সম্পর্কে যা জানানো হয়েছিল এবং এই প্রতিবেদন ছাপতে যাওয়া পর্যন্ত তাতে যেসব পরিবর্তন করা হয়েছে, সেগুলিই এখানে জানানো হল।

**আবেদনের যোগ্যতা: অগ্নিবীর জেনারেল ডিউটি (অল আর্মস):** অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**অগ্নিবীর টেকনিক্যাল (অল আর্মস)** এবং **অগ্নিবীর টেকনিক্যাল (অল আর্মস, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যামুনিশন এক্সামিনার):** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ইংরেজি পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়ে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

*এরপর আটের পাতায়*

## সুপ্রিম কোর্টে ২১০ জুনিয়র কোর্ট অ্যাসিস্ট্যান্ট

জুনিয়র কোর্ট অ্যাসিস্ট্যান্ট পদে ২১০ জনকে নেবে সুপ্রিম কোর্ট অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.6/2022-SC (RC).

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় ভালো জ্ঞান থাকতে হবে। বয়স: ১-৭-২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং স্বাধীনতা সংগ্রামীদের সন্তান-সন্ততিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৬৩,০৬৮ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার নলেজ টেস্ট ও টাইপিং টেস্টের মাধ্যমে। লিখিত

*এরপর আটের পাতায়*

## রাজ্যে ১৯২ স্বাস্থ্যকর্মী

ওয়ার্ডেন ও ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার পদে ১৯২ জনকে নেবে রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ী ভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সুযোগ আছে।

**শূন্যপদের বিবরণ: ওয়ার্ডেন:** মোট শূন্যপদ ১৬৫টি (মহিলা ১৫৯, পুরুষ ৬)। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৮৪, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১১, ও বি সি-এ ১৭, ও বি সি-বি ১২, দৈহিক প্রতিবন্ধী ৫। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। বয়স ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর R/Warden/36/2022.

**ফিজিসিস্ট-কাম-রেডিয়েশন সেফটি অফিসার:** ২৭টি, (সাধারণ ৪, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৪, ও বি সি-এ ৪, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা বায়োফিজিক্সে এম এসসি, সঙ্গে

*এরপর তিনের পাতায়*

## বন্ধন ব্যাঙ্কে চাকরি

**নিজস্ব প্রতিনিধি:** বন্ধন ব্যাঙ্কের নানা বিভাগে কর্মী নিয়োগ করা হয়ে থাকে বছরের বিভিন্ন সময়ে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে আবেদনও করা যায় যে-কোনও সময়। ফ্রেশাররাও আবেদন করতে পারেন।

ব্যাঙ্কের এই সব বিভাগে চাকরির জন্য আবেদন করতে পারেন: অ্যাডমিনিস্ট্রেশন, এগ্রি বিজনেস, অ্যানালিটিক্স/বি আই ইউ/কর্পোরেট স্ট্র্যাটেজি, অডিট, ব্যাঙ্কিং অপারেশনস

*এরপর তিনের পাতায়*

### রাজ্যের স্বাস্থ্য বিভাগে

## ১২০৩ কমিউনিটি হেলথ অফিসার

১২০৩ জন কমিউনিটি হেলথ অফিসার নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ করা হবে জাতীয় স্বাস্থ্য প্রকল্পের অধীনে রাজ্যের যে-কোনও জেলার যে-কোনও সুস্বাস্থ্য কেন্দ্রে। এই নিয়োগের রিক্রুটমেন্ট নোটিস নম্বর: SHFWS/2022/252.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৪৮৩, তফসিলি জাতি ৩৩০, তফসিলি উপজাতি ৯০, ও বি সি-এ ১৫০, ও বি সি-বি ১০৫, দৈহিক প্রতিবন্ধী ৪৫।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আয়ুর্বেদিক মেডিসিন অ্যান্ড সার্জারিতে স্নাতক (বি এ এম এস)। সেই সঙ্গে পশ্চিমবঙ্গ আয়ুর্বেদ পরিষদে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে এবং অবশ্যই বাংলা পড়তে, লিখতে ও বলতে জানতে হবে। এম এস অফিস ও ইন্টারনেটের কাজ জানা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: নির্দিষ্ট মাসিক ২০,০০০ টাকা। সেই সঙ্গে পারফর্ম্যান্সের ভিত্তিতে সর্বাধিক ৫,০০০ টাকা ইনসেন্টিভ।

শিক্ষাগত ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউ নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই

*এরপর আটের পাতায়*

## বিলাসপুর এইমসে ৯৮

লোয়ার ডিভিশন ক্লার্ক, স্টেনোগ্রাফার, স্টোর কিপার-সহ বিভিন্ন পদে ৯৮ জনকে নেবে বিলাসপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ হবে চুক্তিতে। প্রার্থী বাছাই করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৫০।

**শূন্যপদের বিবরণ:** লোয়ার ডিভিশন ক্লার্ক: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

স্টেনোগ্রাফার: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। অথবা মাধ্যমিক বা সমতুল, সঙ্গে কোনও সরকারি সংস্থায় স্টেনোগ্রাফার হিসেবে

*এরপর তিনের পাতায়*

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১৭৭ অ্যাপ্রেন্টিস

ফিটার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ১৭৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রশিক্ষণ দেওয়া হবে কাকরাপার গুজরাত সাইটে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: KAKRAPAR GUJARAT SITE/HRM/APPRENTICESHIP-2022.

আসনসংখ্যার বিবরণ: ফিটার ৪৭টি, টার্নার ১০টি, মেশিনিস্ট ৮টি, ইলেক্ট্রিশিয়ান ৪৭টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক ১৮টি, ইলেক্ট্রনিক মেকানিক ১৮টি, ওয়েল্ডার ১০টি, কম্পিউটার

*এরপর তিনের পাতায়*

## উচ্চমাধ্যমিকের পর স্বল্পমেয়াদি প্রশিক্ষণ নিয়ে উপার্জন করুন

**নিজস্ব প্রতিনিধি:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর অনেক ছাত্রছাত্রী তিন বছর কলেজে পড়ে ডিগ্রি লাভ করার চেয়ে, তুলনায় কম সময়ে হাতে-কলমে কাজ শিখে উপার্জনের পথে হাঁটতে চান। নানা বিষয়ে এক বছর বা তারও কম মেয়াদের কর্মমুখী কোর্স করিয়ে থাকে পশ্চিমবঙ্গের সরকারি কলেজ, আই টি আই এবং বিভিন্ন বেসরকারি সংস্থা। তবে, কোর্স বা প্রশিক্ষণের বিষয় বাছাই করতে হবে অত্যন্ত বুঝেশুনে। এমন কোর্স বা বিষয় বেছে নিতে হবে যা পড়ে চাকরি পেতে বা স্বল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করতে সুবিধা হয়। এ ক্ষেত্রে বাজারের গতিপ্রকৃতি বোঝাটা খুব জরুরি।

যেমন, করোনা অতিমারির পর পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার ব্যাপারে জনসচেতনতা বেড়েছে। ফলে স্যানিটাইজার, ফিনাইল, ফ্লোর ক্লিনারের চাহিদা আগের তুলনায় বেড়ে গিয়েছে কয়েক গুণ। রাসায়নিক ব্যবহারের ক্ষতিকারক দিক সম্পর্কে নানা মহল থেকে লাগাতার প্রচারের ফলে ভেষজ জিনিসের প্রতিও আগ্রহ বেড়েছে। তা সে জৈব শাকসবজি হোক, কী কম ধোঁয়াযুক্ত সাধারণ ধূপকাঠি বা মশা তাড়ানোর ধূপ। করোনাকে রুখতে ভিড়কে এড়িয়ে চলার জন্য চিকিৎসক মহলের পরামর্শ মানুষের ডিজিটাল নির্ভরতাও বাড়িয়ে দিয়েছে অনেকখানি। স্কুল-কলেজে ভর্তি থেকে ট্রেনের টিকিট কাটা, সবই এখন অনলাইন। ফলে ওয়েব ডিজাইনিং খুবই গুরুত্বপূর্ণ পেশা হয়ে উঠেছে। আবার ওয়েব ডিজাইনিংয়ের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত প্রোফেশনাল ফটোগ্রাফিও।

অর্থাৎ সে ভাবে দেখতে গেলে একেবারে ছোট মাত্রার ব্যবসা থেকে একটু প্রযুক্তিনির্ভর চাকরি বা ব্যবসার অজস্র নতুন রাস্তা খোলা আছে। কোনও একটা রাস্তা বেছে নিয়ে হাতে-কলমে কাজ শিখে উপার্জন করা কঠিন কাজ নয়। এখানে তেমনই কয়েকটি সুযোগ সম্পর্কে থাকল কিছু প্রাসঙ্গিক তথ্য।

### ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি, ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট

#### কোথায় পড়বেন

কলকাতার ডিরোজিও মেমোরিয়াল কলেজে পড়ানো হয় ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি এবং ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট শীর্ষক দু'টি পৃথক কর্মমুখী ডিপ্লোমা কোর্স। দু'টি কোর্সেরই মেয়াদ ১ বছর করে। কোর্সদু'টি ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউ জি সি) কর্তৃক অনুমোদিত। যাঁদের আর্থিক সামর্থ্য কম এবং যাঁরা পড়াশোনার পাশাপাশি হাতে-কলমে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ নিতে চান, তাঁদের জন্যই ইউ জি সি চালু করেছে এই কর্মমুখী শিক্ষার পাঠক্রম। এই বৃত্তিমুখী ডিপ্লোমা কোর্সদু'টি পশ্চিমবঙ্গের রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়েরও অনুমোদনপ্রাপ্ত।


#### কী পড়বেন

**ডিপ্লোমা ইন ফটোগ্রাফি অ্যান্ড ভিডিওগ্রাফি**

নিকন, ক্যানন-এর মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্যামেরা প্রস্তুতকারী সংস্থার পরামর্শে ও ক্যালকাটা জার্নালিস্টস ক্লাবের সহযোগিতায়, ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি শিল্পের সঙ্গে

*এরপর আটের পাতায়*

JENPAS/ বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের অভিনন্দন




ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি

THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES

Affiliated

BARACKPORE COLLEGE OF EDUCATION

(Institute of Physiotherapy and Allied Health Sciences)

Admission Process is On

E-mail : bce.bpt.bkp@gmail.com

Website : bceweb.in

BACHELOR OF PHYSIOTHERAPY ( BPT )

8582933150, 9830619194, 7044440901

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৫ মে-৩ জুন

**২৫ মে** কংগ্রেস শিবির ছেড়ে বেরিয়ে গেলেন প্রবীণ নেতা কপিল সিবাল। এদিন 'নির্দল' প্রার্থী হিসেবে সমাজবাদী পার্টির সমর্থনে রাজ্যসভায় মনোনয়ন পেশ করেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী। মনমোহন সিংয়ের মন্ত্রিসভায় একাধিক মন্ত্রকের দায়িত্ব সামলানো কপিল বলেন, 'আমি মনে করি, সংসদে স্বাধীন ও নিরপেক্ষ কণ্ঠস্বর প্রয়োজন। যাতে মানুষ বুঝতে পারেন ইনি কোনও রাজনৈতিক দলের নন। এই সব ভেবেই যাবতীয় সিদ্ধান্ত নিয়েছি।' কয়েকদিন আগেই কংগ্রেস সভানেত্রী সনিয়া গান্ধীর কাছে নিজের পদত্যাগপত্র পাঠিয়ে দিয়েছেন বলে জানান প্রবীণ রাজনীতিবিদ।

**পশ্চিমবঙ্গে পঞ্চম অর্থ কমিশন গঠিত** হল। অর্থ দপ্তরের আদেশনামায় কমিশনের চেয়ারম্যান হলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অভিরূপ সরকার। পুরসভা ও পঞ্চায়েতের আর্থিক বিষয়গুলি যাচাই করে কমিশন রাজ্য সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপের সুপারিশ করবে। আগামী বছর ৩১ মার্চ পর্যন্ত কমিশনের মেয়াদ থাকবে বলে জানা গিয়েছে।

**মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাসের ছোট্ট শহর** উভালডে-র একটি এলিমেন্টারি স্কুলে আততায়ীর গুলিতে মৃত্যু হল ১৯ পড়ুয়া ও দুই শিক্ষিকার। আততায়ী বছর আঠেরোর সালভাদর র‍্যামোস দু'টি আগ্নেয়াস্ত্র নিয়ে চড়াও হয় স্কুলটিতে। নিরাপত্তা বাহিনীর সঙ্গে খানিকটা গুলিযুদ্ধ চালিয়ে সে নিজেও মারা পড়েছে। এই গুলি চালানোর ঘটনাটিকে ধরে এবছর এখনও অবধি আমেরিকায় ৯ বার বন্দুকবাজের হামলার ঘটনা সামনে এল। এবারের ঘটনা আরও একবার আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের প্রশ্নটিকে আলোচনার কেন্দ্রে নিয়ে এল।

**সন্ত্রাসে আর্থিক মদত ও দেশের বিরুদ্ধে** যুদ্ধ ঘোষণার জোড়া মামলায় জম্মু-কাশ্মীরের বিচ্ছিন্নতাবাদী নেতা ইয়াসিন মালিকের যাবজ্জীবন কারাদণ্ড হল। দিল্লির জাতীয় তদন্তকারী সংস্থার (এনআইএ) বিশেষ আদালতে এই সাজা ঘোষণা হয়েছে। জেকেএলএফ-এর অন্যতম মাথা ইয়াসিন মালিকের বিরুদ্ধে বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইনের (ইউএপিএ) বিভিন্ন ধারায় অভিযোগ প্রমাণিত হয়েছে।

**২৬ মে** রাজ্যপালের বদলে পদাধিকার বলে মুখ্যমন্ত্রীকে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির আচার্য করার প্রস্তাবে সিলমোহর দিল রাজ্য মন্ত্রিসভা। তবে প্রস্তাব কার্যকর করার জন্য প্রতিটি রাজ্য বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধন করতে হবে বিধানসভায়। এই সংশোধনী রাজ্য বিধানসভায় পাশ করালেও রাজ্যপালের সম্মতি আদায় হবে কিনা সে প্রশ্নও রয়েছে। তবে রাজ্যপাল সম্মতি না দিলে অর্ডিন্যান্স জারি করা হতে পারে বলে খবরে প্রকাশ।

**দীর্ঘ লড়াইয়ের পর যৌনব্যবসার আইনি** স্বীকৃতি পেলেন যৌনকর্মীরা। যৌনব্যবসাকে আর পাঁচটা কাজের মতোই পেশা হিসেবে স্বীকৃতি দিল সুপ্রিম কোর্ট। যৌনকর্মীদের অধিকার সুরক্ষিত রাখার জন্য ছ'দফা নির্দেশিকা জারি করেছে বিচারপতি এল নাগেশ্বর রাও, বিচারপতি বি আর গভাই এবং বিচারপতি এ এস বোপান্নার ডিভিশন বেঞ্চ। বেঞ্চ বলেছে, 'যৌনকর্মীরাও আইনের চোখে সমান সুরক্ষার অধিকারী। সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদ এই দেশের প্রত্যেক নাগরিকের মর্যাদাপূর্ণ জীবনযাপনের অধিকার সুনিশ্চিত করেছে।

**শিক্ষার উন্নয়নে স্বীকৃতি হিসেবে স্টেট** অব গভর্ন্যান্স স্কচ অ্যাওয়ার্ড পেল রাজ্য। গোটা দেশের শিক্ষা ব্যবস্থার নিরিখে পশ্চিমবঙ্গই 'স্কচ স্টেট অব গভর্ন্যান্স রিপোর্ট-২০২১'-এ প্রথম হয়েছে। এর আগেও নারী ও শিশু কল্যাণ, অর্থ, পরিবহণ-সহ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর তাদের কাজের নিরিখে স্কচ অ্যাওয়ার্ডে সম্মানিত হয়েছে।

**২৭ মে** ব্রিটেনের লেবার পার্টির সদস্য, ভারতীয় বংশোদ্ভূত মহিন্দর কে মিধা পশ্চিম লন্ডনের ইনলং কাউন্সিলের মেয়র নির্বাচিত হলেন। লন্ডনের স্থানীয় কাউন্সিলে এই প্রথম দলিত সম্প্রদায়ের কোনও মহিলা মেয়র হলেন। অতিমারীকে পিছনে ফেলে এগিয়ে চলা, সেই সঙ্গে সমাজে হিংসা অপরাধ দূর করার লক্ষ্যে লড়াই চালাবেন বলে জানিয়েছেন মিধা। দূষণের কথা মাথায় রেখে পরিবেশ রক্ষার উপরও গুরুত্ব দেবেন বলে আশ্বাস দিয়েছেন তিনি।

**২৮ মে** ভারতীয় পরিচালক শৌনক সেন-এর তথ্যচিত্র 'অল দ্যাট ব্রিদস' ২০২২-এর কান চলচ্চিত্র উৎসবে গোল্ডেন আই পুরস্কার জিতল। এটি ছিল ওই বিভাগে ভারত থেকে মনোনয়ন পাওয়া একমাত্র তথ্যচিত্র। দিল্লির পরিচালক শৌনকের এই তথ্যচিত্রটি মানড্যান্স চলচ্চিত্র উৎসব ২০২২-এও ওয়ার্ল্ড সিনেমা গ্র্যান্ড জুরি প্রাইজ-ও পেয়েছে।

**২৯ মে** পাঞ্জাবে দুষ্কৃতীদের ছোড়া গুলিতে নিহত হলেন জনপ্রিয় গায়ক ও কংগ্রেস নেতা সিধু মুসেওয়ালা (২৯)। পাঞ্জাব প্রশাসন একদিন আগেই সে রাজ্যের ৪৩২ জন ভিআইপি-র নিরাপত্তা প্রত্যাহার করে নেয়, যার মধ্যে সিধুও ছিলেন। তারপরেই এদিনের ঘটনায় শুরু হয় বিতর্ক। পুলিশের অনুমান দিল্লির মাফিয়া গোষ্ঠীর হাত রয়েছে এই হত্যাকাণ্ডে। পাঞ্জাবের জনপ্রিয় গায়ক সিধু বিধানসভা ভোটের আগে ২০২১ সালের ডিসেম্বর মাসে কংগ্রেসে যোগ দিয়েছিলেন। যদিও নির্বাচনে তিনি হেরে যান।

**৩০ মে** দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈনকে টাকা নয়ছয়ের মামলায় গ্রেপ্তার করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। উল্লেখ্য, চলতি বছরের শেষে হিমাচলপ্রদেশের ভোটে আপ-এর দায়িত্বে রয়েছেন সত্যেন্দ্র। আপ-এর দাবি, হিমাচলে হারের ভয়ে বিজেপি সত্যেন্দ্রকে এইভাবে আটকাতে চাইছে। তাঁর বিরুদ্ধে অভিযোগ হাওয়ালার মাধ্যমে কয়েক কোটি টাকা নিয়েছেন তিনি।

**নেপালের পোখরা থেকে জমসম** যাওয়ার পথে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় ২১ জনের মৃত্যু হল। নেপালি বিমান সংস্থা 'তারা এয়ার'-এর বিমানটিতে ১৯ জন যাত্রী ছিলেন। ছিলেন তিন বিমানকর্মী। ২২ জনের মধ্যে ২১ জনেরই দেহ উদ্ধার হয়েছে। দুর্ঘটনার কারণ জানতে পাঁচ সদস্যের প্যানেল গঠন করেছে নেপাল প্রশাসন। নেপালি আধিকারিকদের মতে সম্ভবত পাহাড়ের গায়ে ধাক্কা খেয়ে বিমানটি টুকরো টুকরো হয়ে গিয়েছে।

**২০২১ সালের সিভিল সার্ভিস পরীক্ষার** (ইউপিএসসি) প্রথম তিনটি স্থানই মেয়েরা অধিকার করে নজির গড়লেন। প্রথম শ্রুতি শর্মা, দ্বিতীয় অঙ্কিতা আগরওয়াল এবং তৃতীয় হয়েছেন গামিনী সিংলা। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং কংগ্রেস নেতা রাহুল গান্ধী সিভিল সার্ভিসের শীর্ষ স্থানাধিকারীদের শুভেচ্ছা জানিয়েছেন।


**১ জুন** রাজ্য সরকারের বিনিয়োগ বান্ধব অর্থনৈতিক সংস্কারের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য স্টার অব গভর্ন্যান্স-স্কচ অ্যাওয়ার্ড পেল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় টুইট করে রাজ্যের এই পুরস্কার প্রাপ্তির কথা জানিয়েছেন। স্কচ স্টেট অব গভর্ন্যান্স রিপোর্ট ২০২১-এ বাংলাকে সারা দেশের মধ্যে 'ইজ অব ডুয়িং বিজনেস'-এ সেরার স্বীকৃতি দেওয়া হয়েছে।

**৩ জুন** প্রভিডেন্ট ফান্ডে গচ্ছিত আমানতের উপর গত অর্থবর্ষের জন্য ৮.১ শতাংশ হারে সুদ দেওয়ায় অনুমোদন দিল কেন্দ্র। অর্থমন্ত্রকের সম্মতির পর সুদের হার নিয়ে নির্দেশিকা জারি করা হয়েছে। পাঁচরাজ্যে নির্বাচন মেটার পরেই সাধারণ কর্মচারীদের সঞ্চয়ে সুদের হার কমিয়েছে কেন্দ্র। করোনা অতিমারীর সময়ে বেতনে কোপ পড়ার পর ইপিএফের সুদের হার এক ধাক্কায় ৮.৫ শতাংশ থেকে ৮.১ শতাংশে নামিয়ে আনা হল। গত চল্লিশ বছরে এটাই ইপিএফের সর্বনিম্ন সুদের হার।

## টার্গেটেড কিলিংয়ে ক্ষোভ বাড়ছে কাশ্মীরে




২ জুন: টার্গেটেড কিলিংয়ে ফের দুই সংখ্যালঘু খুন হলেন কাশ্মীরে। সেই সঙ্গে তিন দশক আগের আতঙ্কের পরিবেশ ফিরে এল উপত্যকায়। পরিসংখ্যান জানাচ্ছে ১ মে থেকে এই নিয়ে ৯ জনকে নিশানা করে হত্যা করা হয়েছে কাশ্মীরে। শেষ দু'জন যাঁরা খুন হলেন তাঁদের একজন ব্যাঙ্কের ম্যানেজার এবং অন্যজন পরিযায়ী শ্রমিক। জম্মু-কাশ্মীরে ক্রমে বাড়তে থাকা এই 'টার্গেটেড কিলিং'-এ উদ্বেগ প্রকাশ করেছে কেন্দ্র। কাশ্মীরে বসবাসকারী হিন্দুদের একটা বড় অংশ কেন্দ্রের কাছে দাবি করেছেন অবিলম্বে তাঁদের নিরাপদ স্থানে পুনর্বাসন না-দিলে কাশ্মীর ছেড়ে চলে যেতে বাধ্য হবেন তাঁরা।



“নো র‍্যাঙ্ক, নো পেনশন, দু'বছর নিয়োগ বন্ধের পর চার বছরের অনিশ্চিত ভবিষ্যৎ। সেনার কি কোনও সম্মানই নেই?”

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*

সেনাবাহিনীতে 'অগ্নিপথ' নিয়োগ বিতর্ক প্রসঙ্গে, ২০১৪ সালে মোদীর ভোটের প্রচারে সেনার 'এক র‍্যাঙ্ক, এক পেনশন' স্লোগানকে কটাক্ষ করে

## বুকার পেলেন গীতাঞ্জলি শ্রী



২৭ মে: 'টুম্ব অব স্যান্ড' উপন্যাসের জন্য আন্তর্জাতিক বুকার পুরস্কার পেলেন ভারতের গীতাঞ্জলি শ্রী। ২০১৮-য় প্রকাশিত গীতাঞ্জলির 'রেত সমাধি' নামের হিন্দি উপন্যাসের ইংরেজি অনুবাদ হল 'টুম্ব অব স্যান্ড'। মার্কিন অনুবাদক ও লেখক ডেইজি রকওয়েল বইটির অনুবাদ করেছেন। তাঁর এই অনুবাদের মাধ্যমেই ভারতীয় ভাষায় লেখা কোনও বই প্রথম বুকার পুরস্কার পেল। এর আগে অরুন্ধতী রায় ও অরবিন্দ আদিগা ম্যান বুকার পেয়েছেন, তবে তা তাঁদের ইংরেজি সাহিত্য সৃষ্টির জন্য।

## অনুষ্ঠান শেষে আচমকা প্রয়াত কে কে



৩১ মে: কলকাতায় অনুষ্ঠান করতে এসে অনুষ্ঠান শেষ করার পর আচমকা প্রয়াত হলেন প্রখ্যাত সঙ্গীতশিল্পী কৃষ্ণকুমার কুন্নথ। সঙ্গীতজগৎ যাঁকে 'কে কে' নামেই বেশি চেনে। মাত্র ৫৪ বছর বয়সেই চলে গেলেন তিনি। এদিন সন্ধ্যায় নজরুল মঞ্চে গুরুদাস মহাবিদ্যালয়ের ফেস্টের মঞ্চে ছিলেন কে কে। রাত সাড়ে আটটা পর্যন্ত অনুষ্ঠান করেন তিনি। সেখান থেকে গ্র্যান্ড হোটেলে ফিরে যাওয়ার পর অজ্ঞান হয়ে যান। রাত সওয়া দশটা নাগাদ আলিপুরের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। অনেকেই দাবি করেছেন অনুষ্ঠান চলাকালীনই অসুস্থ বোধ করছিলেন কে কে। তবুও তিনি গান গেয়ে যান। তাছাড়া নজরুল মঞ্চের ব্যবস্থাপনা নিয়েও নানা প্রশ্ন উঠেছে।

## যাত্রা শুরু মিতালী এক্সপ্রেসের



১ জুন: দীর্ঘ প্রতীক্ষার শেষে বাংলাদেশ ও উত্তরবঙ্গের মধ্যে ট্রেন পরিষেবা মিতালী এক্সপ্রেস চালু হল। এদিন ভার্চুয়াল মাধ্যমে ট্রেনের ফ্ল্যাগ অফ করেন ভারতের রেলমন্ত্রী অশ্বিনী বিশনই এবং বাংলাদেশের রেলমন্ত্রী মহম্মদ নুরুল ইসলাম সুজন। গতবছরই অবশ্য মিতালী এক্সপ্রেসের উদ্বোধন করেছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কিন্তু করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় ট্রেনটি শেষপর্যন্ত আর চালু করা যায়নি। সপ্তাহে দু'দিন ট্রেনটি নিউ জলপাইগুড়ি থেকে ঢাকা ক্যান্টনমেন্টের মধ্যে যাতায়াত করবে।

## আইপিএল চ্যাম্পিয়ন গুজরাট টাইটান্স



২৯ মে: প্রথমবার আইপিএল খেলেই চ্যাম্পিয়ন হল গুজরাট টাইটান্স। অন্যদিকে প্রথম আইপিএলে চ্যাম্পিয়ন হওয়ার ১৪ বছর পর আবার ফাইনালে উঠেছিল রাজস্থান রয়্যালস। তবে আগে ব্যাট করে রাজস্থানের ১৩০-৯ খুব বড় স্কোর হয়নি। গুজরাট ১৮.১ ওভারে ৩ উইকেট হারিয়ে পৌঁছে যায় ১৩৩ রানে। হেরে গেলেও আইপিএলের সর্বোচ্চ রানের কমলা টুপির মালিক হয়েছেন রাজস্থান রয়্যালসের জস বাটলার। ৪ সেঞ্চুরি সহ তিনি করেছেন ৮৬৩ রান। ১৭ ম্যাচে সবচেয়ে বেশি ২৭ উইকেট নিয়ে বেগুনি টুপি জিতেছেন রাজস্থান রয়্যালসের-ই যুজবেন্দ্র চাহল। আইপিএলের সেরা হয়েছেন জস বাটলার। অন্যদিকে ফাইনালের সেরা হয়েছেন গুজরাট টাইটান্সের অধিনায়ক হার্দিক পান্ডিয়া।

## ফিনালিসিমা ট্রফি জিতল আর্জেন্টিনা



২ জুন: লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়ামে ইটালিকে ৩-০ হারিয়ে ফিনালিসিমা ট্রফি জিতল আর্জেন্টিনা। গোটা ম্যাচে কর্তৃত্ব বজায় রেখে বাঁ-পায়ের জাদুতে দর্শকদের মোহিত করলেন লিওনেল মেসি। গোল করেছেন লাউতারো মার্তিনেস, অ্যাঙ্কেল ডি মারিয়া ও পাওলো দিবালা। ১৯৯৩ সালে শেষবার হয়েছিল এই চ্যাম্পিয়ন্স ম্যাচ। সে বারও ডেনমার্ককে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল আর্জেন্টিনা। গতবছর কোপা জেতার পর এই নিয়ে দেশের জার্সিতে দ্বিতীয় ট্রফি জিতলেন মেসি।

## চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

# কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোন ভিটামিনটি স্নেহপদার্থে দ্রবণীয়?
(a) ভিটামিন A, D, K (b) ভিটামিন A, D, B (c) ভিটামিন B, C, D (d) ভিটামিন A, C, K

2. নীচের কোনটি মিশ্রগ্রন্থি?
(a) অগ্ন্যাশয় (b) শুক্রাশয় (c) ডিম্বাশয় (d) সবগুলিই

3. A একা একটি কাজ 35 দিনে এবং B একা একটি কাজ 14 দিনে সম্পন্ন করতে পারে। যদি তারা একসঙ্গে 5 দিনে কাজ করে থাকে, কত অংশ কাজ বাকি থাকবে?
(a) $\frac{1}{3}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{1}{2}$ (d) $\frac{3}{4}$

4. ভারতীয় সমস্যার একমাত্র সমাধান ভারত বিভাজন, উক্তিটি করেন:
(a) মহম্মদ ইকবাল (b) ফজলুল হক (c) চৌধুরি রহমত আলি (d) মহম্মদ আলি জিন্না

5. বেলে পাথরের রূপান্তরিত রূপ হল:
(a) মার্বেল (b) কোয়ার্টজাইট (c) নিস (d) স্লেট


6. রবীন্দ্রনাথ ঠাকুর যে ছদ্মনামটি ব্যবহার করতেন তা হল:
(a) ভানুসিংহ (b) পরশুরাম (c) বীরবল (d) বনফুল

7. নিম্নলিখিত হরপ্পা প্রত্নস্থলগুলির মধ্যে কোনটি গুজরাটে অবস্থিত নয়?
(a) সুরকোটডা (b) লোথাল (c) ধোলাভিরা (d) বানওয়ালি

8. ভারতের একটি বিখ্যাত শীতল জলের প্রস্রবণ হল:
(a) ভেরনাগ (b) সহস্রধারা (c) অনন্তনাগ (d) তাতাপানি

9. জাতীয় বিজ্ঞান দিবস হল:
(a) 4 ফেব্রুয়ারি (b) 28 ফেব্রুয়ারি (c) 5 জুন (d) 7 এপ্রিল

10. নীচের শব্দগুলিকে অর্থবহ সারিতে সাজান:
A. Crop B. Root C. Stem D. Seed E. Flower
(a) B, C,D, A, E (b) B, D, E, A, C (c) D, B, C, E A (d) B, C, E, A D

11. 

(a) 33 (b) 11 (c) 22 (d) 12

12. 5টি পরপর স্বাভাবিক সংখ্যার গড় 79 হলে বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত হবে?
(a) 21 (b) 15 (c) 4 (d) 1

13. গৌতম বুদ্ধ কোথায় নির্বাণ লাভ করেন?
(a) লুম্বিনী (b) সারনাথ (c) কুশীনগর (d) বোধগয়া

14. ভারতীয় সংবিধান অনুযায়ী কৃষিক্ষেত্র হল:
(a) অঙ্গরাজ্যের বিষয় (b) কেন্দ্রীয় সরকারের বিষয় (c) কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ বিষয় (d) কোনওটিই নয়

15. আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের সর্বোচ্চ শৃঙ্গ হল:
(a) কারনিকোবর (b) ডায়াবল শৃঙ্গ (c) স্যাডেল শৃঙ্গ (d) কোনওটিই নয়

16. পশ্চিমবঙ্গের কোন জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা গেছে?
(a) মালদা (b) নদিয়া (c) মুর্শিদাবাদ (d) পুরুলিয়া

17. কী অনুপাতে দুধের সঙ্গে জল মিশ্রিত করে সেই মিশ্রণটি দুধের ক্রয়মূল্যে বিক্রয় করলেও 35% লাভ হয়?
(a) 7 : 20 (b) 20 : 7 (c) 35 : 1 (d) 7 : 3

18. ভুটানের সঙ্গে সীমারেখা নেই যে রাজ্যের:
(a) সিকিম (b) মেঘালয় (c) অরুণাচল প্রদেশ (d) পশ্চিমবঙ্গ

19. মিনিকয় ও সুহেলি দ্বীপপুঞ্জকে আলাদা করেছে:
(a) 6 ডিগ্রি চ্যানেল (b) 7 ডিগ্রি চ্যানেল (c) 8 ডিগ্রি চ্যানেল (d) 9 ডিগ্রি চ্যানেল

20. যদি কোনও দু'টি সংখ্যার যোগফলের 30% তাদের বিয়োগফলের 40% এর সমান হয় তবে বড় সংখ্যা এবং ছোট সংখ্যার অনুপাত কত হবে?
(a) 4 : 3 (b) 5 : 2 (c) 7 : 1 (d) 7 : 2

21. একটি কাপড় 80 টাকায় বিক্রয় করায় 25% লাভ হল। কাপড়টির ক্রয়মূল্য কত?
(a) 60 টাকা (b) 62 টাকা (c) 64 টাকা (d) 66 টাকা

22. আঁকা : শিল্পী : কাঠ : ?
(a) আসবাবপত্র (b) বনজঙ্গল (c) আগুন (d) কাঠমিস্ত্রী

23. রাজ্যসভার সভাপতিত্ব কে করেন?
(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্পিকার

24. Steel Authority of India Limited কবে গঠিত হয়?
(a) 1971 (b) 1972 (c) 1973 (d) 1975

25. নিত্যবহ খালগুলির বেশির ভাগ কোথায় দেখা যায়?
(a) দক্ষিণ ভারতে (b) পূর্ব ভারতে (c) পশ্চিম ভারতে (d) উত্তর ভারতে

26. 'The Discovery of India' বইটি কে লিখেছেন?
(a) জওহরলাল নেহরু (b) মহাত্মা গান্ধী (c) জয়প্রকাশ নারায়ণ (d) রাজেন্দ্র প্রসাদ

27. শূন্যস্থানের পদটি বের করুন:
EGI, JLN, OQS, : ?
(a) FHI (b) UWZ (c) NVX (d) TVX

28. ভারতীয় চিত্র শিল্পের জনক হলেন:
(a) নন্দলাল বসু (b) গগনেন্দ্রনাথ ঠাকুর (c) যামিনী রায় (d) যামিনীপ্রসাদ গাঙ্গুলী

29. নীচের কোন শহরকে 'সিটি অব জয়' বলা হয়?
(a) বেঙ্গালুরু (b) কলকাতা (c) হায়দ্রাবাদ (d) অন্ধ্রপ্রদেশ

30. $\frac{1}{4}$ এবং $\frac{1}{36}$ এর মধ্যসমানুপাতী কত?
(a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{8}$ (c) $\frac{1}{10}$ (d) $\frac{1}{12}$

31. ভারতের বৃহত্তম লিফট ইরিগেশন প্রকল্পটি কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) হরিয়ানা (c) পাঞ্জাব (d) হিমাচল প্রদেশ

32. ভারতীয় সংবিধানের কোন পার্টে কেবলমাত্র একটি ধারা রয়েছে?
(a) XVII (b) XVIII (c) XIX (d) XX

33. World Trade Organisation (WTO)-এর প্রধান দপ্তর কোথায়?
(a) জেনেভা (b) প্যারিস (c) ওয়াশিংটন (d) নিউইয়র্ক

34. পাবলিক অ্যাকাউন্ট কমিটি তার রিপোর্ট পেশ করে কার কাছে?
(a) লোকসভার অধ্যক্ষের কাছে (b) CAG এর কাছে (c) রাষ্ট্রপতির কাছে (d) প্রধানমন্ত্রীর কাছে

35. ক্রমান্বয়িক 10%, 20% এবং 30% ছাড়ের সমতুল্য একক ছাড়ের পরিমাণ কত?
(a) 60% (b) 49.6% (c) 40.5% (d) 36%

36. A, B এর চেয়ে লম্বা এবং C, D -এর চেয়ে লম্বা। যদি B, C এর চেয়ে বেঁটে না হয় তবে কে সবচেয়ে লম্বা?
(a) B (b) C (c) D (d) A

37. নীচের স্তম্ভ দু'টি পরপর মেলান:

| | |
|---|---|
| a. বিশ্বনাথ আনন্দ | 1. টেনিস |
| b. ইয়াসিন মার্চেন্ট | 2. ক্রিকেট |
| c. সানিয়া মির্জা | 3. স্নুকার |
| d. বিজয় মার্চেন্ট | 4. দাবা |

(a) 1, 3, 2, 4 (b) 4, 3, 1, 2 (c) 3, 4, 1, 2 (d) 4, 2, 1, 3

38. আন্নামালাই পর্বতটি কোন রাজ্যে অবস্থিত?
(a) তেলেঙ্গানা (b) কেরালা (c) হিমাচল প্রদেশ (d) মধ্যপ্রদেশ

39. লন টেনিস কোর্টের জন্য খ্যাত 'উইম্বলডন' কোথায় অবস্থিত?
(a) ওয়াশিংটন ডিসিতে (b) প্যারিসে (c) রোমে (d) লন্ডনে

40. ভারতের প্রথম বায়োমেডিক্যাল উদ্যান কোন রাজ্যে গড়ে উঠতে চলেছে?
(a) কেরালা (b) কর্নাটক (c) তামিলনাড়ু (d) মহারাষ্ট্র

41. P, X-এর মা। X, Z-এর স্ত্রী। Y, P-এর ভাই এবং Q, P-এর স্বামী। Q, Z-এর কে হয়?
(a) জামাই (b) শ্বশুর (c) পুত্র (d) পুত্রবধূ


42. TOM = 48, DICK = 27, HARRY = ?
(a) 70 (b) 80 (c) 60 (d) 50

43. নীচের কোনটি আলাদা?
(a) K (b) G (c) M (d) I

44. ভারতের বিখ্যাত চা নিলাম কেন্দ্রটি কোথায় অবস্থিত?
(a) তেজপুর (b) দার্জিলিং (c) গুয়াহাটি (d) শিলিগুড়ি

45. Money : Wealth-এর সঙ্গে নীচের কোনটি সঙ্গতিপূর্ণ?
(a) Wise : Education (b) Pride : Humanity (c) Pity : Kindness (d) Cruel : Anger

46. ভারতীয় বাঙালি, বাঙালি ব্রাহ্মণ শব্দগুলি দ্বারা নীচের কোন চিত্রটি সঠিক অনুসরণ করে?


(a) (b) (c) (d)

47. একটি বৃত্তের পরিধি 44 সেমি তাহলে ওই বৃত্তের ক্ষেত্রফল কত?
(a) 154 বর্গসেমি (b) 164 বর্গসেমি (c) 112 বর্গসেমি (d) 120 বর্গসেমি

48. নারী ও পুরুষ উভয়ের ক্ষেত্রে সমান কাজের জন্য সমান বেতন একটি:
(a) রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি (b) শ্রমিক আইনের সংবিধিবদ্ধ নীতি (c) মৌলিক অধিকার (d) ওপরের কোনওটিই নয়

49. 'Beating the Field' কোন বিখ্যাত ক্রিকেটারের আত্মজীবনী?
(a) এম মুস্তাক আলি (b) গ্রেম পোলক (c) শেন ওয়ার্ন (d) ব্রায়ান চার্লস লারা

50. মুজফফর আহমেদ সম্পাদিত পত্রিকাটির নাম কী?
(a) হিন্দু প্যাট্রিয়ট (b) গণবাণী (c) ইন্ডিপেন্ডেন্ট (d) অমৃতবাজার পত্রিকা

51. 'স্বদেশ বান্ধব সমিতি' কে গঠন করেছিলেন?
(a) অশ্বিনী কুমার দত্ত (b) মহাত্মা গান্ধী (c) গোপালকৃষ্ণ গোখলে (d) নবাব সেলিম উল্লাহ

52. 'আমার ভুবন' চলচ্চিত্রটির পরিচালক কে?
(a) ঋত্বিক ঘটক (b) মৃণাল সেন (c) সত্যজিৎ রায় (d) ঋতুপর্ণ ঘোষ

53. ত্বকের বহিঃরাবরণকে কী বলা হয়?
(a) ডারমিস (b) এপিডারমিস (c) এন্ডোডারমিস (d) হাইপোডারমিস

54. পান্ডবানী কোন রাজ্যের একটি বিখ্যাত নৃত্য?
(a) মিজোরাম (b) রাজস্থান (c) মধ্যপ্রদেশ (d) হিমাচল প্রদেশ

55. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন:

| | | |
|---|---|---|
| 2 | 7 | 4 |
| 5 | 2 | 3 |
| 1 | ? | 6 |
| 10 | 42 | 72 |

(a) 2 (b) 4 (c) 5 (d) 3

56. যদি RFESCUE = 372057 এবং PROBLEM = 9348176 হয় তবে PROCURE = ?
(a) 9340357 (b) 9340537 (c) 3840537 (d) 3904537

57. যদি কোনও সংখ্যার 20% -এর 15% 15 হয় তবে সংখ্যাটি কত?
(a) 200 (b) 225 (c) 250 (d) 500

58. মানুষের খুলি কত সংখ্যক হাড় দিয়ে তৈরি?
(a) 14 (b) 26 (c) 15 (d) 22

59. ভারতের কোন রাজ্যকে চিনির বাটি বলা হয়?
(a) উত্তরপ্রদেশ (b) তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ (d) মহারাষ্ট্র

60. 65 লিটার জল মিশ্রিত দুধে, দুধ ও জলের পরিমাণের অনুপাত 10 : 3। ওই মিশ্রণে আর কত লিটার জল মেশালে দুধ ও জলের পরিমাণের অনুপাত 8 : 5 হবে?
(a) $\frac{1}{4}$ লিটার (b) 17 লিটার (c) $16\frac{1}{4}$ লিটার (d) 16 লিটার

61. নিম্নলিখিত শব্দগুলিকে অর্থবহ ক্রমানুসারে সাজান:
i. Consultation ii. Illness iii. Doctor iv. Treatment v. Recovery
(a) iii, iv, ii, i, v (b) ii, iii, i, iv, v (c) i, iii, iv, v, ii (d) iii, ii, i, v, iv

62. $\frac{841}{2025}$ -এর বর্গমূলকে কত দিয়ে গুণ করলে গুণফল 1 হবে?
(a) $\frac{55}{39}$ (b) $\frac{2025}{841}$ (c) $\frac{39}{45}$ (d) $\frac{45}{29}$

63. ভারতের পঞ্চবার্ষিক পরিকল্পনা শুরু ও কার্যকরী হওয়ার সাল হল:
(a) 1955 (b) 1951 (c) 1960 (d) 1965

64. ভুল সংখ্যাটি চিহ্নিত করুন:
56, 72, 90, 110, 132, 150
(a) 56 (b) 90 (c) 110 (d) 150

65. ভারত কোন দিনটিতে বিজয় দিবস পালন করে?
(a) 10 ডিসেম্বর (b) 14 ডিসেম্বর (c) 16 ডিসেম্বর (d) 18 ডিসেম্বর

66. লোকসভার অনাস্থা প্রস্তাব পেশ করতে হলে ক'জন সদস্যের সমর্থন প্রয়োজন?
(a) 50 (b) 65 (c) 55 (d) 60

67. $\sqrt{165+\sqrt{11+\sqrt{25}}} = ?$
(a) 14 (b) 13 (c) 11 (d) 15

68. বার্ষিক 12% সরল সুদের হারে কতদিনে 150 টাকা সুদে মূলে 222 টাকা হবে?
(a) 5 বছরে (b) 6 বছরে (c) 4 বছরে (d) 8 বছরে

69. যদি (A + B) মানে A, B এর মা, (A – B) মানে A, B-এর ভাই, (A × B) মানে A, B-এর ভগিনী হয় তবে:
P – M + N × Q-এর মানে:
(a) P, Q-এর মামা (b) P, Q-এর ভাই (c) P, Q-এর ভাগ্নে (d) কোনটিই নয়

70. অষ্টমুদি হ্রদ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মণিপুর (b) কেরালা (c) গুজরাট (d) অন্ধ্রপ্রদেশ

71. ইয়াগো চরিত্রটি শেক্সপিয়ারের কোন নাটকে আছে?
(a) ওথেলো (b) রোমিও জুলিয়েট (c) ম্যাকবেথ (d) দ্য মার্চেন্ট অব ভেনিস

72. নিম্নলিখিত লেটার সিরিজে এমন কতগুলি R আছে যার আগে 'M' এবং ঠিক পরে K আছে?
N P K R M D C N M R K P Q K R N M R K R M K P R M
(a) চার (b) পাঁচ (c) তিন (d) দুই

73. পাঁচটি মেয়ে M, N, O, P এবং Q সারিবদ্ধভাবে দাঁড়িয়ে আছে। P, Q-এর ডানদিকে। N, Q-এর বাঁদিকে কিন্তু M -এর ডানদিকে দাঁড়িয়ে আছে। O-এর বাঁদিকে P আছে, ডানদিকে সব থেকে প্রথমে কে দাঁড়িয়ে আছে?
(a) O (b) Q (c) N (d) P

74. শচিন তেন্ডুলকরের 11টি ইনিংসের একটি নির্দিষ্ট রান রয়েছে। 12তম ইনিংসে তিনি 120 রান করেছেন এবং তার গড় রান 5 বৃদ্ধি পেয়েছে, তার নতুন গড় কত?
(a) 62 (b) 66 (c) 60 (d) 65

75. নীচের কোন গ্রন্থটি মাইকেল মধুসূদন দত্তের রচনা নয়?
(a) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ (b) একেই কি বলে সভ্যতা (c) মেবার পতন (d) বীরাঙ্গনা

76. নীচের কোন উৎসেচক প্রোটিন ভঙ্গক হিসাবে কাজ করে?
(a) টায়ালিন (b) ল্যাকটেজ (c) ট্রিপসিন (d) লাইপেজ

77. বিন্দুসার কোন প্রদেশে বিদ্রোহ দমন করতে অশোককে পাঠিয়েছিলেন?
(a) স্বর্ণগিরি (b) তক্ষশিলা (c) উজ্জয়িনী (d) তোশাইল

78. কোন প্রাণীর চোখে পেকটিন থাকে?
(a) পায়রা (b) মাছ (c) বিড়াল (d) পেঁচা

79. নীচের নামগুলির মধ্যে কোনটি আলাদা?
(a) জাপান (b) শ্রীলঙ্কা (c) ভারতবর্ষ (d) নিউজিল্যান্ড

80. ম্যাক মিটার যন্ত্রের দ্বারা কী মাপা হয়?
(a) সমুদ্রের গভীরতা (b) জাহাজের গতি (c) বিমানের গতি (d) বিভব পার্থক্য

81. বাবার বয়স মেয়ের চারগুণ। যদি 5 বছর পরে তার বয়স মেয়ের বয়সের তিনগুণ হয়, তবে আরও 5 বছর পরে তিনি তার মেয়ের বয়সের কতগুণ হবেন?
(a) 2 গুণ (b) 3 গুণ (c) 1.5 গুণ (d) 2.5 গুণ

82. কোনও পরীক্ষায় 52% পরীক্ষার্থী ইংরেজিতে 42% অঙ্কে এবং উভয় বিষয়ে 17% ফেল করেছে। তাহলে শতকরা কতজন উভয় বিষয়ে পাশ করেছে?
(a) 20% (b) 21% (c) 22% (d) 23%

83. 6.20 টাকা প্রতি কিলোগ্রাম চাল ও 7.20 টাকা প্রতি কিলোগ্রাম চাল মেশানো হল। কী অনুপাতে মেশালে চালের মূল্য 6.50 টাকা প্রতি কিলোগ্রাম হবে?
(a) 3 : 4 (b) 5 : 4 (c) 7 : 3 (d) 9 : 5

84. যদি A : B = 2 : 3, B : C = 5 : 7 এবং C : D = 3 : 10 হয় তাহলে A : D = ?
(a) 1 : 7 (b) 2 : 7 (c) 1 : 5 (d) 5 : 1

85. দু'টি সংখ্যার ল.সা.গু. 44 ও গ.সা.গু. 11 একটি সংখ্যা 11 হলে অপরটি কত?
(a) 33 (b) 44 (c) 26 (d) 1

86. FALLACIOUS শব্দটি থেকে নীচের কোন শব্দ গঠন করা যাবে না?
(a) FAILS (b) FALLS (c) FILLS (d) FILES

87. পুন্টার শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) ব্যাডমিন্টন (c) হকি (d) ঘোড়দৌড়

88. 300 এবং 500 এর মধ্যে সেই সংখ্যাটি খুঁজুন যেটি 8, 10 এবং 12 দ্বারা বিভাজ্য?
(a) 360 (b) 320 (c) 340 (d) 490

89. একটি 473 মিটার দীর্ঘ সেতুর প্রান্তে অবস্থিত একটি সিগনাল পেরোতে একটি

এরপর সাতের পাতায়

